

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ পরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
চাঁপাইনবাবগঞ্জ।

স্মারক নং: ৩২.০১.৭০০০.০০১.১১.০০১.২২-১৩৫

তারিখ: ০১/০৩/২০২২ ইং

নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প" এর চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলায় দৈনিক ভিত্তিক সম্পূর্ণ অস্থায়ীভাবে প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিম্নোক্ত শূন্য পদে নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী প্রার্থীকে আবেদন এর জন্য আহ্বান করা হচ্ছে।

ক্রমিক নং	পদের নাম বেতন/সাকুল্য বেতন	পদের সংখ্যা	পদ শূন্য ইউনিয়নের নাম	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	আবৃত্তি শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে একদিন)	১ (এক) জন	গোবরাতলা ইউনিয়ন	এস.এস.সি পাশ এবং সংগীত বিষয়ে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/ রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পী/ সংগীত শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমীতে কর্মরত। মহিলা প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

- ১। প্রার্থীকে আগামী ১৬/০৩/২০২২ ইং তারিখের মধ্যে প্রোগ্রাম অফিসার, উপ পরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ বরাবর লিখিতভাবে আবেদন করতে হবে।
- ২। আবেদনের তারিখে প্রার্থীর বয়স ৩০(ত্রিশ) বছরের মধ্যে হতে হবে। উল্লেখ্য, অভিজ্ঞ প্রার্থীদের বয়স ও শিক্ষাগতযোগ্যতা শিথিলযোগ্য।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত আবৃত্তি বিষয়ক শিক্ষক এবং প্রোগ্রাম অফিসার, উপ পরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, সদর, চাঁপাইনবাবগঞ্জ সমন্বয়ে গঠিত উপজেলা প্যানেল কমিটি আবৃত্তি শিক্ষক মনোনয়ন করবেন।
- ৪। আবৃত্তি শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য প্রার্থীকে সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ৫। সরকার নির্ধারিত কোটায় প্রার্থীদের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিষয়ে সর্বশেষ সরকারি সিদ্ধান্ত মোতাবেক অগ্রাধিকার পাবেন।
- ৬। আবেদনের সাথে প্রার্থীর সম্প্রতি তোলা ৩ (তিন) কপি রঙিনছবি, নাগরিকত্বের সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, সকল শিক্ষাগত ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- ৭। নিয়োগ সংক্রান্ত কাজে অত্র কার্যালয়ের সহিত যোগাযোগ করার জন্য কোন প্রকার যাতায়াত ভাতা প্রদান করা হবে না।
- ৮। যে কোন আবেদন গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।

(উম্মে সুমাইয়া)

প্রোগ্রাম অফিসার

উপ পরিচালকের কার্যালয়

মহিলা বিষয়ক অধিদপ্তর

চাঁপাইনবাবগঞ্জ সদর,

চাঁপাইনবাবগঞ্জ।